রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, মার্চ ১৫, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কৃষি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ ফাল্গুন ১৪২১ বঙ্গাব্দ/১০ মার্চ ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৫৭-আইন/২০১৫।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরনাম।**—এই বিধিমালা বাংলাদেশ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **“কমিশন”** অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(২) **“তফসিল”** অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(৩) **“নিয়োগকারী কর্তৃপক্ষ”** অর্থ কৃষি মন্ত্রণালয় বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা;

(৪) **“পদ”** অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(৫) **“প্রয়োজনীয় যোগ্যতা”** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(৬) **“শিক্ষানবিস”** অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(৭) **“সি, জি, পি, এ”** অর্থ কিউমুলেটিভ গ্রেড পয়েন্ট এ্যাভারেজ; এবং



**মূল্য ঃ** টাকা ১৬.০০

(৮) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়", "স্বীকৃত বোর্ড", "স্বীকৃত ইনস্টিটিউট"** অর্থ আপাততঃ বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা ইনস্টিটিউট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করা হইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে (যদি থাকে) এবং নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে পদোন্নতির জন্য গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিসি**।—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২(দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ০২(দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসের মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত বর্ধিত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা এবং প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন এবং প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত**।—(১) The Department of Agriculture Extension (Technical and Non-technical Staff) Recruitment Rules, 1985 এবং The Department of Agriculture of Extension (Non-cadre Officers) Recruitment Rules, 1985, অতঃপর রহিতকৃত বিধিমালাদ্বয় বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) এই বিধিমালা কার্যকর হইবার অব্যবহিত পূর্বে উক্ত রহিতকৃত বিধিমালাদ্বয়ের অধীন নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক কোন কর্মকর্তা ও কর্মচারীগণের নিয়োগ, পদোন্নতি, স্থায়ীকরণ, চাকুরি সংক্রান্ত চুক্তি এবং শর্তাবলী বিষয়ে গৃহীত যে কোন কার্যক্রম বা ব্যবস্থা এই বিধিমালার অধীন গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে রহিতকৃত বিধিমালাদ্বয়ের বিলুপ্তকৃত পদসমূহে যাহারা বর্তমানে কর্মরত আছেন তাহারা চাকুরি হইতে অবসর গ্রহণ বা অন্য কোনভাবে চাকুরির অবসান না হইলে উক্ত পদসমূহে এমনভাবে কর্মরত থাকিবেন যেন উক্ত পদসমূহ বিলুপ্ত হয় নাই বা পদ সংশ্লিষ্ট বিধিমালাদ্বয় রহিত হয় নাই।

**তফসিল**
**[বিধি ২(২) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | জ্যেষ্ঠ উৎপাদন অর্থনীতিবিদ | - | পদোন্নতির মাধ্যমে | কৃষি অর্থনীতিবিদ বা উৎপাদন অর্থনীতিবিদ পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| (২) | প্রধান/উপ-প্রধান | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী প্রধান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| (৩) | কৃষি অর্থনীতিবিদ | ৪০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতিঃ**<br>গবেষণা কর্মকর্তা বা পরিসংখ্যান কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি অর্থনীতিতে প্রথম শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতকসহ কৃষি উন্নয়ন প্রকল্প পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৪) | উৎপাদন অর্থনীতিবিদ | ৪০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতিঃ**<br>গবেষণা কর্মকর্তা বা পরিসংখ্যান কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি অর্থনীতিতে প্রথম শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতক ডিগ্রী;<br>(খ) কৃষি উন্নয়ন প্রকল্প পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৫) | সহকারী প্রধান | - | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে | **পদোন্নতিঃ**<br>গবেষণা কর্মকর্তা বা পরিসংখ্যান কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রেঃ**<br>সমপদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| (৬) | সহকারী পরিচালক (অর্থ) | ৪০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতিঃ**<br>হিসাবরক্ষণ কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে প্রথম শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতকোত্তর ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৭) | সহকারী পরিচালক (প্রশাসন/পার্সোনেল) | ৪০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতিঃ**<br>গবেষণা কর্মকর্তা বা পরিসংখ্যান কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে প্রথম শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৮) | নির্বাহী প্রকৌশলী (প্রকল্প প্রকৌশলী) | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী প্রকৌশলী বা যান্ত্রিক প্রকৌশলী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| (৯) | গবেষণা কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি অর্থনীতিতে প্রথম শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতক (সম্মান) ডিগ্রী। |
| (১০) | পরিসংখ্যান কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যানে প্রথম শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সি, জি, পি, এ-তে স্নাতক (সম্মান) ডিগ্রী। |
| (১১) | যান্ত্রিক প্রকৌশলী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যন্ত্রকৌশল বা অটোমোবাইল কৌশলে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১২) | সহকারী প্রকৌশলী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রী। |
| (১৩) | হিসাবরক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | ৬৭% পদোন্নতির মাধ্যমে এবং ৩৩% সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতি ঃ** বাজেট অফিসার বা স্টোর অফিসার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। **সরাসরি নিয়োগ ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে প্রথম শ্রেণির বা সমমানের সি,জি,পি, এ-তে স্নাতকোত্তর ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণির বা সমমানের সি,জি,পি,এ-তে স্নাতকসহ দ্বিতীয় শ্রেণির বা সমমানের সি,জি,পি,এ-তে স্নাতকোত্তর ডিগ্রি। |
| (১৪) | স্টোর অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | স্টোর কিপার পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরি। |
| (১৫) | বাজেট অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (১৬) | প্রটোকল অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | প্রধান সহকারী বা প্রধান সহকারী কাম হিসাবরক্ষক অথবা সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি। |
| (১৭) | প্রশাসনিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | প্রধান সহকারী বা প্রধান সহকারী কাম হিসাবরক্ষক অথবা সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি। |
| (১৮) | নার্সারী তত্ত্বাবধায়ক | - | পদোন্নতির মাধ্যমে | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে কৃষি বিজ্ঞানে ডিপ্লোমাসহ উপ-সহকারী কৃষি কর্মকর্তা বা উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা বা উপ-সহকারী উদ্যান কর্মকর্তা বা উপ-সহকারী সংগ নিরোধ কর্মকর্তা অথবা উপ-সহকারী প্রশিক্ষক পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি। |
| (১৯) | সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে কৃষি বিজ্ঞানে ডিপ্লোমাসহ উপ-সহকারী কৃষি কর্মকর্তা বা উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা বা উপ-সহকারী উদ্যান কর্মকর্তা বা উপ-সহকারী সংগ নিরোধ কর্মকর্তা অথবা উপ-সহকারী প্রশিক্ষক পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২০) | উদ্ভিদ সংগ নিরোধ কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে কৃষি বিজ্ঞানে ডিপ্লোমাসহ উপ-সহকারী কৃষি কর্মকর্তা বা উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা বা উপ-সহকারী উদ্যান কর্মকর্তা বা উপ-সহকারী সংগ নিরোধ কর্মকর্তা অথবা উপ-সহকারী প্রশিক্ষক পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি। |
| (২১) | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | ঊর্ধ্বতন হিসাবরক্ষক পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি। |
| (২২) | উপ-সহকারী কৃষি কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে কৃষি বিজ্ঞানে ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |
| (২৩) | উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতি ঃ** বাজেট অফিসার বা স্টোর অফিসার পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরি। **সরাসরি নিয়োগ ঃ** কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে কৃষি বিজ্ঞানে ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |
| (২৪) | উপ-সহকারী প্রশিক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে কৃষি বিজ্ঞানে ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |
| (২৫) | উপ-সহকারী উদ্যান কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে কৃষি বিজ্ঞানে ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |
| (২৬) | উপ-সহকারী সংগ নিরোধ কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে কৃষি বিজ্ঞানে ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |
| (২৭) | ঊর্ধ্বতন হিসাবরক্ষক | - | পদোন্নতির মাধ্যমে | হিসাবরক্ষক বা বাজেট সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (২৮) | প্রধান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে | উচ্চমান সহকারী বা উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক বা পরিসংখ্যান সহকারী অথবা কেয়ার টেকার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২৯) | প্রধান সহকারী কাম হিসাবরক্ষক | - | পদোন্নতির মাধ্যমে | উচ্চমান সহকারী বা উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (৩০) | বাজেট সহকারী | - | পদোন্নতির মাধ্যমে | জুনিয়র হিসাবরক্ষক বা অডিটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (৩১) | হিসাবরক্ষক | - | পদোন্নতির মাধ্যমে | জুনিয়র হিসাবরক্ষক বা অডিটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (৩২) | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর | The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদি ক্ষেত্রে সর্বনিম্ন গতি 'সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার বা সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০' অনুযায়ী। | | |
| (৩৩) | পরিসংখ্যান সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি বা পরিসংখ্যান বিষয়সহ স্নাতক ডিগ্রি। |
| (৩৪) | কেয়ার টেকার | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| (৩৫) | উচ্চমান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| (৩৬) | উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| (৩৭) | জুনিয়র হিসাবরক্ষক | - | পদোন্নতির মাধ্যমে | হিসাব সহকারী বা ক্যাশিয়ার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| (৩৮) | অডিটর | - | পদোন্নতির মাধ্যমে | হিসাব সহকারী বা ক্যাশিয়ার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| (৩৯) | স্টোর কিপার | ৩০ বৎসর | ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতি ঃ**<br>এসিস্ট্যান্ট স্টোর কিপার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগ ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪০) | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদি ক্ষেত্রে সর্বনিম্ন গতি 'সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার বা সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০' অনুযায়ী। | | |
| (৪১) | গাড়ীচালক | The Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |
| (৪২) | এসিস্ট্যান্ট স্টোর কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| (৪৩) | হিসাব সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| (৪৪) | ক্যাশিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| (৪৫) | লাইব্রেরিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনায় প্রশিক্ষণ থাকিতে হইবে। |
| (৪৬) | সহকারী মেকানিক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতি ঃ**<br>স্প্রেয়ার মেকানিক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগ ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট থাকিতে হইবে। |
| (৪৭) | প্ল্যান্ট অবজারভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে কৃষি বিজ্ঞান বিষয়সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪৮) | ড্রাইভার (ট্রাক্টর/ পাওয়ার পাম্প/ পাওয়ার টিলার) | ৩০ বৎসর | ৭৫% পদোন্নতির মাধ্যমে এবং ২৫% সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতি** ঃ<br>প্লাম্বিক মিস্ত্রী পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরি অথবা স্প্রেয়ার মেকানিক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগ ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ২(দুই) বৎসর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৪৯) | ইলেকট্রিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ২(দুই) বৎসর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৫০) | সারেং | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) এর সার্টিফিকেট থাকিতে হইবে। |
| (৫১) | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি ‘সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার বা সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০’ অনুযায়ী। | | |
| (৫২) | হিসাব করণিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বা ব্যবসায় শিক্ষা বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৫৩) | প্লাম্বিং মিস্ত্রী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ টিউবওয়েল মেরামত এবং পানির লাইন মেরামত সংক্রান্ত কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৫৪) | স্প্রেয়ার মেকানিক | - | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট থাকিতে হইবে। |
| (৫৫) | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহায়ক (পূর্ব নাম দপ্তরী) বা রেকর্ড সাপ্লায়ার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (৫৬) | অফিস সহায়ক (পূর্ব নাম দপ্তরী) | - | পদোন্নতির মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ অফিস সহায়ক (পূর্ব নাম এম, এল,এস,এস) বা অফিস এটেনডেন্ট বা নিরাপত্তা প্রহরী (পূর্ব নাম গার্ড) বা অফিস গার্ড বা নিরাপত্তা প্রহরী (পূর্ব নাম নাইট গার্ড) বা পরিচ্ছন্নতা কর্মী (পূর্ব নাম ক্লিনার) অথবা ট্রেনিং এটেনডেন্ট পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (৫৭) | রেকর্ড সাপ্লায়ার | - | পদোন্নতির মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতসহ অফিস সহায়ক (পূর্ব নাম এম, এল, এস, এস), অফিস এটেনডেন্ট, চেইনম্যান, ট্রেনিং এটেনডেন্ট পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৫৮) | ক্যাশ সরকার | - | পদোন্নতির মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ অফিস সহায়ক (পূর্ব নাম এম, এল, এস, এস), বা অফিস এটেনডেন্ট অথবা ট্রেনিং এটেনডেন্ট পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (৫৯) | লিফট অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা;<br>(খ) কোন স্বীকৃত ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণের সনদপ্রাপ্ত; এবং<br>(গ) লিফট চালনার বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৬০) | ট্রেনিং এটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| (৬১) | অফিস সহায়ক/ বার্তাবাহক (পূর্ব নাম এম, এল, এস, এস)/ অফিস এটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| (৬২) | বাবুর্চি (পূর্ব নাম কুক)/ কেয়ার-টেকার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ রান্নার কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(খ) সুঠাম স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| (৬৩) | খালাসি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| (৬৪) | বোটম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ নৌযান চালনার বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৬৫) | চেইনম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| (৬৬) | অফিস গার্ড/নিরাপত্তা প্রহরী (পূর্ব নাম গার্ড/নাইট গার্ড) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| (৬৭) | মালী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ বীজতলা তৈরী, গুটি কলমসহ অন্যান্য কলম তৈরীর বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৬৮) | ফার্ম লেবার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুঠাম স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| (৬৯) | পরিচ্ছন্নতা কর্মী (পূর্ব নাম ক্লিনার/সুইপার) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুঠাম স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইউনুসুর রহমান**
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd